হরমুজ প্রণালির নিরাপত্তায় যৌথ অভিযানের প্রস্তুতি ব্রিটেন-ফ্রান্সের



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালির নিরাপত্তায় যুদ্ধজাহাজ পাঠাচ্ছে যুক্তরাজ্যমধ্যপ্রাচ্যের কৌশলগত হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভাব্য আন্তর্জাতিক অভিযানে অংশ নেওয়ার প্রস্তুতি হিসেবে যুদ্ধজাহাজ এইচএমএস ড্রাগন মোতায়েন করছে যুক্তরাজ্য। এর আগে ইরান যুদ্ধ শুরুর পর গত মার্চে সাইপ্রাসের নিরাপত্তা সহায়তায় জাহাজটি পূর্ব ভূমধ্যসাগরে অবস্থান করছিল।

শনিবার (৯ মে) যুক্তরাজ্যের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক মুখপাত্র এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, পরিস্থিতি অনুকূলে এলে যুক্তরাজ্য ও ফ্রান্সের নেতৃত্বে গঠিত সম্ভাব্য বহুজাতিক নিরাপত্তা জোটে অংশ নিতে জাহাজটিকে প্রস্তুত রাখা হচ্ছে।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, একই সময়ে ফ্রান্সও দক্ষিণ লোহিত সাগরে তাদের বিমানবাহী রণতরী বহর মোতায়েন করেছে। গুরুত্বপূর্ণ এই নৌপথে বাণিজ্যিক জাহাজ চলাচলে আস্থা ফিরিয়ে আনতে দুই দেশ যৌথ প্রতিরক্ষা পরিকল্পনা নিয়ে কাজ করছে।

এদিকে, প্রায় ১০ সপ্তাহ ধরে চলা যুক্তরাষ্ট্র-ইরান উত্তেজনা ধীরে ধীরে সম্ভাব্য সমাধানের দিকে এগোচ্ছে বলে কূটনৈতিক সূত্রগুলো ইঙ্গিত দিচ্ছে। এমন প্রেক্ষাপটে হরমুজ প্রণালিতে নিরাপদ নৌযাত্রা নিশ্চিত করতে নতুন প্রস্তাব তৈরি করছে লন্ডন ও প্যারিস।

তবে পরিকল্পনাটি বাস্তবায়নে ইরানের সঙ্গে সমন্বয় জরুরি বলে মনে করা হচ্ছে। ইতোমধ্যে এক ডজনের বেশি দেশ এই উদ্যোগে আগ্রহ দেখিয়েছে। যদিও সাম্প্রতিক বছরগুলোতে রাজকীয় নৌবাহিনীর সক্ষমতা কমে যাওয়ায় বড় ধরনের অভিযানে ব্রিটেনের অংশগ্রহণ সীমিত হতে পারে বলেও ধারণা করা হচ্ছে।